

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/সাবঅ-৩৯/২০০৭- ৫১১

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৮ মে, ২০১৬ খ্রিঃ।


অফিস আদেশ

যেহেতু ফেনী জেলার পরশুরাম উপজেলার চিথলিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব জসিম উদ্দিনসহ কতিপয় ব্যক্তি কর্তৃক গত ০৬/০৫/২০১৬ খ্রি: তারিখে সরকারি দায়িত্ব পালনকালে পরশুরাম উপজেলার উপজেলা নির্বাহী অফিসার জনাব এইচ, এম, রকিব হায়দার শারীরিকভাবে লাঞ্চিত হন। তৎক্ষণিকভাবে পরশুরাম মডেল থানায় আইন বিয়্যকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০০২ এর ৪/৫ ধারায় মামলা হয়। উক্ত মামলায় ০৬ নম্বর আসামী জনাব জসিম উদ্দিন, পরশুরাম উপজেলার চিথলিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গত ১১/০৫/২০১৬ তারিখে আদালতে আত্মসমর্পন করে জামিন প্রার্থনা করলে বিজ্ঞ আদালত জামিন আবেদন নামঞ্জুর করে জেল হাজতে প্রেরণ করেন। বর্তমানে তিনি ফেনী জেলা কারাগারে অন্তরীন আছেন;

যেহেতু তাঁর এতেন কর্মকান্ড স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪) অনুযায়ী অসদাচরণের শামিল এবং তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উক্ত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা করা হলো।

০২. এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।



(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-স্থাসবি/ইপ/সাবঅ-৩৯/২০০৭- ৫১১

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৮ মে, ২০১৬ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. জেলা প্রশাসক, ফেনী।
০২. উপজেলা নির্বাহী অফিসার, পরশুরাম, ফেনী।
০৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. জনাব জসিম উদ্দিন, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), চিথলিয়া ইউনিয়ন পরিষদ, পরশুরাম, ফেনী।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব